[redacted]

[redacted]

তিনি আরও বলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের লেখেনির মাধ্যমে যেন রাষ্ট্রের উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলো বহুল প্রচারিত হয়। আপনারা থানা এলাকার যে কোনো ধরণের আপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য পেলেই আমাকে জানাবেন। আমি সেই তথ্যের হাঁড়ির খবর খুঁজে বের করে আপরাধ দমনে আইনগত ব্যবস্থা নেবো।

দামুড়হুদায় জাকের পার্টির নির্বাচনী কাউন্সিল ও মতবিনিময় সভা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা-২ আসনে জাকের পার্টির নির্বাচনী কাউন্সিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১২টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে জাকের পার্টি ও সহযোগী সংগঠনের আয়োজনে সভাটি অনুষ্ঠিত হয়।

জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলা সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সদস্য আব্দুল লতিফ খান যুবরাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাকের পার্টির জাতীয় স্থায়ী কমিটির মহাসচিব শামীম হায়দার। এসময় বিশেষ অতিথি ছিলেন জাকের পার্টির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মাহাবুবুর রহমান, শেখ নজরুল ইসলাম লিটন, আলহাজ্ব মুফতি মাওলানা মাসুম বিল্লাহ, রবিউল ইসলাম রবি।

অনুষ্ঠানের শুরুতেই জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা জাকের পার্টির সাধারণ সম্পাদক মোঃ মজিবর রহমান।

জাকের পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য আলহাজ্ব মুফতি শরিফুল ইসলাম সাইফী’র সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাকের পার্টির যুব স্বেচ্ছাসেবক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোর্শেদ হাসান জামাল, মৎস্যজীবী ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ

সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন, সিনিয়র ও যুব হিন্দু ভক্ত ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক বিপ্লব বণিক, শ্রমিক ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম, বাস্তহারা ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ আব্দুল রশিদ হাওলাদার, কৃষক ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক কৃষক মহিউদ্দিন ফকির, তালাবা ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মাও কাউসার আহমেদ চাঁদপুরীসহ দামুড়হুদা উপজেলা ও জীবননগর উপজেলার জাকের পার্টির নেতৃবৃন্দ প্রমুখ।

মতবিনিময় সভায় জাতীয় পাটির সদস্যদের মাঝ থেকে গণতান্ত্রিকভাবে গোপন ভোটের মাধ্যমে চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী নিবাচন করা হয়। এতে জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলা সভাপতি আব্দুল লতিফ খান যুবরাজকে নির্বাচিত করে চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী ঘোষণা করা হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে বুধবার বিকাল ৫ ঘটিকার সময় দলীয় নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ন সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মোখলেছুর রহমান রিপন, দামুড়হুদা উপজেলার আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি শহিদুল হক, ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইলিয়াস মালিতা,৮ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শহিদুল সর্দার, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক

মোস্তাফিজ কচি, যুগ্ন সাধারণ সম্পাদক শরিফুজ্জামান,২ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি মো মুকুল, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন সহ আওয়ামী লীগ, যুবলীগ সহ ছাত্রলীগের নেতাকর্মীরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন দ্রুত কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যালয় মেরামতের ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দেন আরও বলেন এলাকায় যেসমস্ত রাস্তায় জলাবদ্ধতা আছে সেগুলো দ্রুত নিরসন করা হবে জানা যায়।

দামুড়হুদার লোকনাথপুরে আওয়ামীলীগের মতবিনিময় সভা

দামুড়হুদার হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের ৬নং ওয়ার্ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদার লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মহিদুল হক সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী মোঃ আলি আহমেদ সোনা।

হাউলী ইউনিয়ন যুবলীগের সহসভাপতি জিল্লুর রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আমিন উদ্দীন সেন্টু, হাউলী ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের মেম্বার রিকাত আলী, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শাহাজান আলী।

এছাড়াও বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ। এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন যুবলীগ নেতা জহুরুল ইসলাম ফকির, লিপু শাহ্।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন মোহাম্মদ হাসান শাহ্, মোহাম্মদ তারেক শাহ্, সম্পান শাহ্, খোকন বিশ্বাস, রাসেল শাহ্।

মেহেরপুরের সাংবাদিকদের সাথে ডিসির মতবিনিময় সভা

মেহেরপুরের সাংবাদিক ও গণমাধ্যম কর্মীদের সাথে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় সভা করেছেন মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো: শামীম হাসান।

আজ মঙ্গলবার (২৫ জুলাই) বিকালে জেলা প্রশাসকের সভাকক্ষে এই মতবিনিমিয় সভা অনুষ্ঠিত হয়।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) আব্দুল কাদির ও ডিডি এলজি শামীম হোসেন উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি মাহাবুব চান্দু, সিনিয়র সাংবাদিক রফিক উল আলম, যমুনা টিভির সাংবাদিক রামিজ আহসান।

এসময় মেহেরপুর জেলা প্রেসক্লাব, মেহেরপুর প্রেসক্লাবের নেতৃবৃন্দ ও জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট, অনলাইন ও টিভি চ্যানেলের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় জেলা প্রশাসক জেলার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন। এসময় সাংবাদিকরাও আগামীতে জেলা প্রশাসককে নিয়ে বিভিন্ন কথা তুলে ধরেন।

[redacted]

[redacted]

” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপস্থিত থেকে বক্তব্য রাখেন নৌকা মঞ্চ কমিটির সহসভাপতি ও পদ্মবিলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু তাহের, নৌকা মঞ্চের প্রধান উপদেষ্টা, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কুমারী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবুল কালাম আজাদ, খাদিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি আব্দুল হালিম মন্ডল, কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য সাখাওয়াত হোসেন টাইগার, জেলা কৃষকলীগের সভাপতি ও মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার, কালিদাসপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মঈন উদ্দিন পারভেজ, জেলা পরিষদের সাবেক সদস্য ও গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক রকিবুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সাধারন সম্পাদক ও নাগদাহ ইউনিয়নরে সাবেক সাধারন সম্পাদক খন্দকার বজলুর রহমান, বেলগাছী ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক নজরুল ইসলাম, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি মোনায়েম হোসেন, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি আবু তালেব, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাাধারন সম্পাদক এ এইচ এম মোয়াজ্জেম হোসেন, জেহালা ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক ফজলুল হক, কুমারী ইউনিয়নের ইউপি সদস্য নজরুল ইসলাম, বাড়াদি ইউনিয়নের ইউপি সদস্য হাসিবুল ইসলাম, কুমারী ইউনিয়নের সাবেক যুগ্ম সম্পাদক বুলু মিয়া, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সদস্য (অবসেনা সদস্য) রুহুল আমীন, আওয়ামীলীগ নেতা আব্দুল মজিদ, যুবলীগ নেতা রাসেল পারভেজ রাজু, এছাড়াও আওয়ামীলীগ, কৃষকলীগ, যুবলীগ, ছাত্রলীগসহ ৭১ সদস্য বিশিষ্ট নৌকা মঞ্চ কমিটির নেতৃবৃন্দ।

জীবননগর আন্দুলবাড়ীয়া ইউপি নির্বাচনে আচরণ বিধি সংক্রন্ত

মত বিনিময় সভা

জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে আচরণ বিধি সংক্রন্ত মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা, সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার মোঃ মোতাওয়াক্কিল রহমান, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মেজর আহম্মেদ, জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি)মোঃনাসির উদ্দিন মৃধাসহ আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহনকারী সকল প্রাথীগন উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান ও মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা এলাকায় বহমান তাপপ্রবাহ ও আসন্ন বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

তারাদেবী ফাউন্ডেশনের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান, কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য, ডায়মন্ড ওয়াল্ডের স্বত্বাধিকারী দিলিপ কুমার

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে মতবিনিময় সভা

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, মাদক প্রতিরোধ দুর্নীতি বিরোধী ও আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার ডাউকি ইউনিয়ন পরিষদ চত্বরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ডাউকি ইউনিয়ন পরিষদের অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, বাংলাদেশের মাটিতে কোনো জঙ্গি-সন্ত্রাসীদের স্থান হবে না। এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আর যারা তরুণ সমাজকে বিভ্রান্ত করে বিপথে চালিত করছে, তাদের কেউ-ই বিচারের হাত থেকে রেহাই পাবে না। সন্ত্রাস-জঙ্গিবাদ, ইভটিজিং, বাল্যবিবাহ ও মাদকাসক্তের বিরুদ্ধে জনমত সৃষ্টি ও প্রতিরোধ গড়ে তুলতে সকলকেই এগিয়ে আসতে হবে। তিনি বলেন, আইনে বাল্যবিবাহকে অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। যেকোনো মূল্যে এটি প্রতিহত করতে হবে। বাল্যবিবাহ একটি মেয়ের বড় হওয়ার পথে সব থেকে বড় বাধা।

ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, এসআই সঞ্জিত কুমার। ইউপি সচিব জাহাঙ্গীর আলমের উপস্থাপনায় উপস্থিত ইউপি সদস্য মানোয়ার হোসেন, শরিফুল ইসলাম, বদর উদ্দিন, নাভলু রহমান, আনিসুর রহমান, আফাজ উদ্দিন, নাসিমা খাতুন, মাসুদা খাতুন প্রমুখ।